

B.A. 6th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : DSE-3

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) উদাহরণসহ উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।
- (খ) 'সরীসৃপ', 'মেঘমল্লার' — এই দুটি ছোটগল্পের রচয়িতা কে কে?
- (গ) মনস্তাত্ত্বিক উপন্যাস কাকে বলে? উদাহরণ দাও।
- (ঘ) 'মন্দির' গল্পটি কার লেখা? গল্পটি কোন পুরস্কার লাভ করেছিল?
- (ঙ) 'শেষ প্রশ্ন' ও 'শেষের কবিতা' কোন কোন উপন্যাসিকের লেখা?
- (চ) 'পথের দাবী' কী জাতীয় রচনা? এই জাতীয় আর-একটি উপন্যাসের নাম লেখো।
- (ছ) স্বাধীনতার পূর্বকালে প্রকাশিত বনফুলের দুটি উপন্যাসের নাম লেখো।
- (জ) রচনাকারের নাম লেখো — 'প্রিয় বান্ধবী', 'কয়লা কুঠির দেশ', 'রমাসুন্দরী', 'চারইয়ারি কথা'।
- (ঝ) প্রকাশ-কালসহ স্বাধীনতার পূর্বকালে প্রকাশিত দুটি আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।
- (ঞ) সূত্রাকারে ঐতিহাসিক উপন্যাস-এর চারটি বৈশিষ্ট্য লেখো।
- (ট) চরিত্রগুলি কোন রচনার তা নির্দেশ করো — সত্যচরণ, বনওয়ারী, দয়াময়ী, সাবিত্রী।
- (ঠ) স্বাধীনতা আন্দোলন-আশ্রয়ী দুটি গল্পের ও দুটি উপন্যাসের নাম লেখো।
- (ড) উদাহরণসহ আত্মজীবনীমূলক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।
- (ঢ) অতিপ্রাকৃত গল্প বলতে কী বোঝো? উদাহরণ দাও।
- (ণ) ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়ের একটি উপন্যাস এবং জগদীশ গুপ্তের একটি গল্পগ্রন্থের নাম লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'পথের পাঁচালী' উপন্যাসটির বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- (খ) মানিক বন্দ্যোপাধ্যায়ের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত গল্পগুলি অবলম্বনে ছোটগল্পকার হিসেবে তাঁর কৃতিত্বের পরিচয় দাও।
- (গ) স্বাধীনতা-পূর্ববর্তী সময়পর্বে রচিত গল্পগুলি অবলম্বনে হাস্যরসের শিল্পী হিসেবে পরশুরামের দক্ষতার পরিচয় দাও।
- (ঘ) স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত উপন্যাস অবলম্বনে ঔপন্যাসিক জগদীশ গুপ্তর পরিচয় দাও।
- (ঙ) স্বাধীনতা-পূর্ববর্তী বিশ শতকের কালপর্বে রচিত বাংলা চেতনাপ্রবাহমূলক উপন্যাসগুলির পরিচয় দাও।
- (চ) নারীচরিত্র সৃজনে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের লেখনীর দক্ষতা প্রমাণিত। — আলোচনা করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) বাংলা কথাসাহিত্যের বিকাশে বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালের সাময়িক পত্রিকাগুলির ভূমিকা তুলে ধরো।
- (খ) বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের গল্পগুলিতে রাত বাংলার আঞ্চলিক জীবনচর্যার যে পরিচয় পাওয়া যায় তার পরিচয় দাও।
- (গ) বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে বাংলা উপন্যাসের ক্রমবিকাশের ধারা সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) বিশ শতকে রচিত রবীন্দ্রনাথের উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।